

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ১৬.০০.০০০০.০১৭.১৭.০০১.১৮.১১১

তারিখ: ৪ চৈত্র ১৪২৯

১৮ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: হজ লাইসেন্স বিহীন বিভিন্ন ব্যক্তি/ গ্রুপ/কাফেলা নামে হজযাত্রীদের সাথে প্রতারণা বিষয়ে সতর্কীকরণ।

হজযাত্রী ও হজ এজেন্সিসহ হজ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ ও ওমরাহ লাইসেন্স নেই এমন ব্যক্তি/গ্রুপ/গ্রুপ লিডার/কথিত মোয়াল্লেম কিংবা লাইসেন্স বিহীন বিভিন্ন কাফেলা নামে হজ ও ওমরাহ যাত্রী সংগ্রহ এবং তাদের নিকট হতে অর্থ গ্রহণের অভিযোগ পাওয়া যাচ্ছে। এ কারণে হজযাত্রীগণ এবং হজ এজেন্সি প্রতারণা এবং হয়রানির স্বীকার হচ্ছেন। তাই ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত হজ এজেন্সি সম্পর্কে (www.hajj.gov.bd) নিশ্চিত হয়ে এজেন্সির সাথে সরাসরি লিখিত চুক্তি সম্পাদনপূর্বক লেনদেন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০২। এমতাবস্থায়, হজে নেয়ার নামে হজ লাইসেন্সবিহীন বিভিন্ন ব্যক্তি/গ্রুপ/ গ্রুপ লিডার/কথিত মোয়াল্লেম/কাফেলার সাথে হজ সংক্রান্ত যে কোন ধরনের লেনদেন হতে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। পাশাপাশি এরূপ ব্যক্তিদের বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্যও অনুরোধ করা হ'ল।

১৮-৩-২০২৩

এস. এম. মনিরুজ্জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৯

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১৬

ইমেইল:

hajj_sec2@mora.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মান্যবার রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বাংলাদেশ বাংলাদেশ এয়ারলাইন্স লি., কুর্মিটোলা, ঢাকা।
- ৪) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্যাঞ্চ, মালিবাগ, ঢাকা।
- ৫) পরিচালক, পরিচালক এর দপ্তর, হজ অফিস, ঢাকা।
- ৬) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস জেদ্দা।
- ৭) জেলা প্রশাসক, (সকল)।
- ৮) পুলিশ সুপার,, (সকল জেলা)
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১২) উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৩) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, (সকল বিভাগ/জেলা)।
- ১৫) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
- ১৬) স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, (সকল হজ ও ওমরাহ এজেন্সি)।
- ১৭) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কারওয়ান বাজার, ঢাকা (হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১৮) অফিস কপি।